দৈনিক সংবাদ

তারিখ 20 DEC 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

### শিক্ষক ধর্মঘট ।। অচলাবস্থা

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে আজ থেকে ছুটি ।। ছাত্র বিক্ষোভ

(বুয়েট সংবাদদাতা)

শিক্ষক ধর্মঘটের কারণে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অচলাবস্থার অবসান হয়নি। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শীতকালীন ছুটি দিয়ে আজ সোমবার থেকে বিশ্ববিদ্যালয়বন্ধ ঘোষণাকরেছে।

দু'দফা দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা গত ৮ই ডিসেম্বর থেকে ধর্মঘট করছেন। ধর্মঘটের আওতায় গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ থেকে পঞ্চম বর্ষ পর্যন্ত কোন ক্লাস হয়নি। তবে পূর্ব নির্ধারিত রেফার্ড পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত এক নোটিশে আজ থেকে ১লা জানুয়ারি পর্যন্ত শীতকালীন ছুটি ঘোষণা করা হয়েছে। একাডেমিক কাউন্সিল ঘোষিত পূর্ব নির্ধারিত সময়সূচিকে এগিয়ে এনে এ অবকাশ প্রদান করা হলো। রেজিস্ট্রার প্রদত্ত নোটিশে বলা হয়, 'পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত শিক্ষকবৃন্দ যথারীতি তাদের কর্তব্যে নিযুক্ত থাকবেন। প্রশাসনিক অফিসসমূহ যথারীতি খোলা থাকবে।'

প্রকৌশল ঃ পৃঃ ৬ কঃ ৭

## প্রকৌশল : আজ থেকে বন্ধ ঘোষণা

(১ম পৃষ্ঠার পর)

এর আগে গত ১৩ই ডিসেম্বর শিক্ষক ধর্মঘটের কারণে ইউকসু নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়।

বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার প্রতিবাদে গতকাল সন্ধ্যায় ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (ম-ই), জাসদ ছাত্রলীগ ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট যৌথভাবে মিছিল করে।

বিশ্ববিদ্যালয়ের বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল সন্ধ্যা থেকে বুয়েট সংলগ্ন এশিয়ান হাইওয়ে বন্ধ করে দেয়। রাত দশটায় এ রিপোর্ট লেখা পর্যন্ত রাস্তাটি ছাত্ররা অবরোধ করে রেখেছে।

জাতীয়তাবাদী ছাত্রদল বুয়েট শাখার সভাপতি মোস্তাফিজুর রহমান মানিক, ছাত্র ইউনিয়ন বুয়েট শাখার সভাপতি সৈয়দ আরমান হোসেন, ছাত্রলীগ (ম-ই) বুয়েট শাখার সভাপতি মনজুরুল হক ও ছাত্রলীগ (বা-কা) বুয়েট শাখার সভাপতি হাসিব মোহাম্মদ শাকুর এক যৌথ বিবৃতিতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার এবং ইউকসু নির্বাচনের তারিখ ঘোষণার দাবি জানান। বিবৃতিতে তারা বলেন, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা চায় উদ্ভূত পরিস্থিতির স্থায়ী সমাধান।